এটি একটি সাধারণ পরীক্ষা !

টিফানি : কি ডাইয়ান, কি খবর ? কাজের পর একসাথে হবে না কি ?

ডাইয়ান : আমি পারব না। আমার ও বি / জি ওয়াই এন (OB/GYN) এর সাথে সাক্ষাৎকার আছে।

টিফানি : কেন? কিছু হয়েছে না কি?

ডাইয়ান : না, সব ঠিক আছে । আমার প্যাপ পরীক্ষার সময় হয়ে গেছে এই যা । ভাল কথা, তোমার কখন শেষবার প্যাপ পরীক্ষা হয়েছিলে?

টিফানি : আমি সঠিক জানিনা ।

ডাইয়ান : তোমার কিন্তু নিয়মিত ভাবে প্যাপ পরীক্ষা করান প্রয়োজন। এটি একটি সাধারণ পরীক্ষা যা দিয়ে সারভিকাল ক্যানসার (গর্ভাশয়ের ক্ষতরোগের) গোঁড়ার দিকের লক্ষণগুলি ধরা যায় !

টিফানি : আমি জানি তুমি কি বলতে চাইছ, কিন্তু আমি করতে চাইনা

ডাইয়ান : সে কি কথা! একবার যৌনসঙ্গমে সক্রিয় হ'লে মেয়েদের নিয়মিত ভাবে প্যাপ পরীক্ষা করান উচিৎ।

টিফানি : আমি জানিনা। আমি একবার প্যাপ পরীক্ষা করিয়েছিলাম। সে কি লজ্জা।

ডাইয়ান : টিফানি, তোমার নিজের প্রতি যত্ন নেওয়া দরকার ! এমন কি এমন জায়গাও আছে যেখানে তুমি বিনা পয়সায় অথবা অল্প খরচে পরীক্ষা করাতে পার।

টিফানি : ঠিক বলেছ - আমি জানি আমার এই পরীক্ষাটা সত্যিই করানো উচিৎ । নম্বরটা যেন কি ? আজকেই ফোন করবো ।

আপনি কি জানতেন?

- যে সব সমস্যাগুলি পরে ক্যানসার হয়ে দাঁড়ায় সেগুলিকে একটি প্যাপ পরীক্ষা খুঁজে বার করতে পারে
- আপনার মাসিকগুলির মাঝে যদি কোন রক্তের ছোপ দেখেন, যোনির থেকে কোন অস্বাভাবিক প্রবাহ হয় অথবা মাসিকের সময় অস্বাভাবিক স্রাব হয়, আপনি ডাক্তারের সাথে দেখা করুন।

হিউমেন প্যাপিলোমা ভাইরাস (HPV) আপনাকে গর্ভাশয় ক্যানসারের বিপদে ফেলতে পারে- এবং কনডোম আপনাকে সবসময় রক্ষা করে না !

আপনার নিকটবর্তী প্যাপ পরীক্ষা
জানবার জন্য **এইখানে** ফোন করুন ঃ

1.800.227.2345

American Cancer Society®

Get help anytime.

1.800.ACS.2345 / www.cancer.org

© 2006 by the American Cancer Society, Inc. Available at www.cancer.org/easyreading. PAP.BEN.0406